

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩৭০

পরিচ্ছেদঃ নবী (ﷺ) এর সাহাবীগণের জীবন-যাপন।

باب مَا جَاءَ فِي مَعِيشَةِ أُصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ أَيُّوبَ، عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ، قَالَ كُنَّا عِنْدَ أَبِي هُرَيْرَةَ وَعَلَيْهِ ثَوْبَانِ مُمَشَّقَانِ مِنْ كَتَّانٍ فَتَمَخَّطَ فِي أَحَدِهِمَا ثُمَّ قَالَ بَخٍ بَخٍ يَتَمَخَّطُ أَبُو هُرَيْرَةَ فِي الْكَتَّانِ لَقَدْ رَأَيْتُنِي وَإِنِّي لأَخِرُ فِيمَا بَيْنَ مِنْبَرِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَحُجْرَةِ عَائِشَةَ مِنَ الْجُوعِ مَغْشِيًّا عَلَى قَيَجِيءُ الْجَائِي فَيَضَعُ رِجْلَهُ عَلَى عُنُقِي يُرَى أَنَّ بِي الْجُنُونَ وَمَا بِي جُنُونٌ وَمَا هُوَ إِلاَّ الْجُوعُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ

مِنْ هَذَا الْوَجْهِ

বাংলা

২৩৭০. কুতায়বা (রহঃ) মুহাম্মদ ইবন সীরীন (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু-এর কাছে ছিলাম। তাঁর গায়ে তখন দুটো রঙ্গিন কাতান কাপড় ছিল। একটাতে তিনি নাক ঝাড়লেন। এরপর বললেনঃ বেশ বেশ, আবৃ হুরায়রা আজ কাতান কাপড় দিয়ে নাক ঝাড়ছে। অথচ তোমরা আমাকে দেখেছ যে, ক্ষুধায় কাতর হয়ে আয়িশার হুজরা এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মিম্বরের মাঝে বেহুশ হয়ে পড়ে আছি। তখন একজন এসে আমার গর্দানে পা চাপা দিয়ে ধরছে। সে মনে করেছে আমাকে বুঝি পাগলামোয় পেয়েছে। অথচ আমার কোন পাগলামো রোগ ছিল না। এ তো ক্ষুধার জ্বালা ছাড়া আর কিছই ছিল না। সহীহ, বুখারি ৭৩২৪, তিরমিজী হাদিস নম্বরঃ ২৩৬৭ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। এই সূত্রে গারীব।

English

Muhammad bin Sirin said:



"We were with Abu Hurarirah and he was wearing two linen garments dyed with red ochre. He blew his nose in one of them and said: 'Excellent! Abu hurairah blows his nose in linens! I saw a time when I would pass out between the mimbar of the Messenger of Allah (s.a.w) and the dwelling of 'Aishah from overwhelming hunger. Someone came and placed his foot on my neck thinking that I was a mad man, but I was not crazy, It was nothing but hunger."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইবনু সীরীন (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন